

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং- ৩২.০১.৮৯৭০.০০০.১৮.০১৮.১৬- ০৭

তারিখঃ ০৪/০৩/২০২১ খ্রিঃ।

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এর ২০২০-২০২১ ইং অর্থ বছরের ০১ এপ্রিল/২০২১ হতে ৩০ জুন/২০২১, ০৩(তিন) মাস মেয়াদী দর্জি বিজ্ঞান এমব্রয়ডারী কোর্সে ৩০ জন মহিলা প্রশিক্ষনার্থী ভর্তি করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদেরকে আগামী ২৪/০৩/২০২১ ইং তারিখের মধ্যে পূর্ণ জীবন বৃত্তান্তসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। উক্ত প্রশিক্ষণে আবেদনকারীদের আগামী ২৮/০৩/২০২১ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় অত্র কার্যালয়ে সাক্ষাৎকার গ্রহণের সময় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

আবেদনকারীর যোগ্যতার শর্তাবলী :

- ১। কম পক্ষে ৫ম শ্রেণী পাশ হতে হবে।
- ২। বয়স ১৮ বৎসর হতে ৩৫ বৎসরের মধ্যে হতে হবে।
- ৩। নিজস্ব ভিটাবাড়ী থাকতে হবে এবং নাগরিকত্ব প্রমানের জন্য ইউপি/পৌরসভার চেয়ারম্যানের পরিচয় পত্র ও ভোটার আইডি কার্ড/জন্ম সনদ প্রদান করতে হবে।
- ৪। তালাক প্রাপ্ত, স্বামী পরিত্যক্তা, বিধবা ও কর্মক্ষম মহিলা এবং নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। স্কুল/ কলেজ পড়ুয়া ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৬। ২ (দুই)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৭। ০৫ (পাঁচ) বছরের নিচে সন্তানের মাতাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৯। সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণের জন্য শারীরিক সুস্থতা থাকতে হবে।
- ১০। সাক্ষাৎকার গ্রহণকারীদের কোন প্রকার টিএ / ডিএ দেয়া হবে না।

(সাজেদা আরিফিন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং- ৩২.০১.৮৯৭০.০০০.১৮.০১৮.১৬-

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, শেরপুর।
- ৪। মেয়র, নালিতাবাড়ী পৌরসভা, শেরপুর।
- ৫। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর।
- ৬। উপজেলা কৃষি অফিসারের নোটিশ বোর্ড।
- ৭। উপজেলা সমাজসেবা অফিসারের নোটিশ বোর্ড।
- ৮। উপজেলা শিক্ষা অফিসারের নোটিশ বোর্ড।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নোটিশ বোর্ড।
- ১০। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, ----- কলেজ/বিদ্যালয়ের নোটিশ বোর্ড।
- ১১। চেয়ারম্যান, -----ইউনিয়ন (সকল), নালিতাবাড়ী, শেরপুর।
- ১২। অফিস কপি / নোটিশ বোর্ড।

(সাজেদা আরিফিন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
নালিতাবাড়ী, শেরপুর।